



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



১৪নং দিগপাইত ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

ই-মেইল: digpait.up@gmail.com

ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মিজানুর রহমান,

পদবী: ইউপি চেয়ারম্যান

সভার স্থান: ইউপি কার্যালয়,

সভার তারিখ: ০৮/১২/২০২০

সময়: বেলা ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (হাজিরা দ্রষ্টব্য)

অধ্যকার সভায় মাননীয় চেয়ারম্যান মোঃ মোঃ মিজানুর রহমান সাহেব এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হলো। প্রথমে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার আলোচ্য সূচী মোতাবেক গত সভার কার্যবিবরণী পাঠ করে উপস্থিত সদস্যদের অবগত করেন। কাহারো কোন প্রকার আপত্তি না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচ্য মন্তব্য	সিদ্ধান্ত
০১	ধার্যকৃত ইউপি কর (ট্যাক্স) ১০০% আদায় করন প্রসঙ্গে।	মোঃ আফজাল হোসেন, ইউপি সদস্য, ০৬নং ওয়ার্ড প্রসঙ্গাব করেন যে, ধার্যকৃত ইউপি কর সঠিকভাবে আদায় না হওয়াই আমাদের ইউপি সদস্যদের ইউপি অংশের সম্মানী ভাতা দীর্ঘদিন যাবৎ বকেয়া রয়েছে। বিধায় ইউপি কর ১০০% আদায় করা আবশ্যিক।	এ বিষয়ে সভাপতি সাহেব বলেন যে, ইউপি কর সঠিক ভাবে আদায়ের লক্ষে প্রয়োজনবোধে কোন বেসরকারী সংস্থার উপর কর দায়িত্ব অর্পন করা হবে।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।	জনাব মোঃ রাসেল মাহমুদ, ইউপি সচিব উপস্থাপন করেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধনের সনদ কিছু অসাধু ব্যবসায়ী স্ক্যান মেশিনের সাহায্যে স্ক্যান করে জন্ম তারিখ পরিবর্তন করে উক্ত সনদ বিভিন্ন কাজে ব্যবহার করছে। যা সরকারী আইনের পরিপন্থি। উক্ত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।	এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাপতি সাহেব অবহিত করেন এবং কে বা কাহারো এই ব্যবসা করছে তাদের তথ্য সংগ্রহ করার জন্য সকল ইপি সদস্য এবং সকল গ্রাম পুলিশদের নির্দেশ প্রদান করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

০৮-১২-২০
(মোঃ মিজানুর রহমান) চেয়ারম্যান
১৪নং দিগপাইত ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।